দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক
শুক্রবার | ১২ ডিসেম্বর ২০২৫ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

রয়েল সিমেন্ট
কনফিডেন্স সিমেন্ট
01755550035-36




*বক্তব্য রাখছেন প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির*

# প্রিমিয়ার ভার্সিটির আইন বিভাগে মানবাধিকার দিবস উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে গত ১০ ডিসেম্বর হাজারী লেইনস্থ ভবনে আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে মানবাধিকার দিবস বিষয়ক আলোচনা সভা, প্রদর্শনী বিতর্ক, পোস্টার প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন অনুষদের ডিন তানজিনা আলম চৌধুরী। বক্তা ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা ও সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান। প্রধান অতিথি বলেন, মানুষই মানবাধিকারের কথা বলে, আবার মানুষই মানবাধিকার লঙ্ঘন করে। বস্তুত পৃথিবীতে যতদিন মানবাধিকার লঙ্ঘন থাকবে, ততদিন মানবাধিকার আদায়ের জন্য আন্দোলন ও সংগ্রাম থাকবে। তিনি বলেন, আমাদের দেশে প্রতিনিয়ত অন্যায়-অত্যাচার-অবিচার-খুন-ধর্ষণ-রাহাজানি ঘটে থাকে, ঘটে থাকে এক্সট্রা-জুডিশিয়াল কিলিং। আহমদ রাজীব চৌধুরী বলেন, রাষ্ট্রব্যবস্থায় মানবাধিকারের চেতনা ছড়িয়ে পড়বে, আমরা সবাই যদি মানবাধিকার বাস্তবায়নে কাজ করি। সঞ্জয় বিশ্বাস বলেন, মানবাধিকার সংস্কৃতি বলতে প্রতিটি মানুষের মর্যাদা, স্বাধীনতা, নিরাপত্তা, ন্যায়বিচার, বৈচিত্র্যের প্রতি সম্মান এবং জবাবদিহিতাড়স্বাভাবিক ও প্রতিষ্ঠিত এক প্রাত্যহিক অভ্যাসে পরিণত হয়। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 12 December 2025, Page: 2, Col: 4
https://edainikazadi.net/index.php?page=1&date=2025-12-12

চট্টগ্রাম শুক্রবার ১২ ডিসেম্বর ২০২৫

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

Friday 12 December 2025

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০২৫ উদযাপন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মানবাধিকার দিবস পালন

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ গত ১০ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের হাজারী লেইনস্থ ভবনে আন্তর্জাতিক মানবাধিকার দিবস ২০২৫ উদযাপন করেছে। এ উপলক্ষে মানবাধিকার দিবস বিষয়ক আলোচনা সভা, প্রদর্শনী বিতর্ক, পোস্টার প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আয়োজনে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে এই আয়োজনে বিশেষ অতিথি ছিলেন আইন অনুষদের ডিন তানজিনা আলম চৌধুরী।

বক্তা ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা ও সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান। প্রধান অতিথি বলেন, মানুষই মানবাধিকারের কথা বলে, আবার মানুষই মানবাধিকার লঙ্ঘন করে। বস্তুত পৃথিবীতে যতদিন মানবাধিকার লঙ্ঘন থাকবে, ততদিন মানবাধিকার আদায়ের জন্য আন্দোলন ও সংগ্রাম থাকবে। মানবাধিকার হচ্ছে সকল মানুষের মৌলিক অধিকার, যা কোনো অবস্থাতেই অগ্রাহ্য করা উচিত নয়। অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 12 December 2025, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2025-12-12

শুক্রবার, চট্টগ্রাম || ১২ ডিসেম্বর ২০২৫ || ২৭ অগ্রহায়ণ ১৪৩২ || ২০ জমাদিউস সানি ১৪৪৭ || বর্ষ-১৪, সংখ্যা-০১

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

৮ পৃষ্ঠার বিশেষ সংখ্যা বুঝে নিন

www.dailypurbodesh.com ১৬ পৃষ্ঠার দাম ৭ টাকা

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ




প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে সভায় বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির

# 'নতুন বাংলাদেশ সৃষ্টির জন্যই জুলাই আন্দোলন'

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ ১০ ডিসেম্বর সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের হাজারী লেইনস্থ ভবনে আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন করেছে। এ উপলক্ষে মানবাধিকার দিবস বিষয়ক আলোচনা সভা, প্রদর্শনী বিতর্ক, পোস্টার প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই আয়োজনে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির। আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন আইন অনুষদের ডিন তানজিনা আলম চৌধুরী। বক্তা ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা ও সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান। প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির বলেন, মানুষই মানবাধিকারের কথা বলে, আবার মানুষই মানবাধিকার লঙ্ঘন করে। বস্তুত পৃথিবীতে যতদিন মানবাধিকার লঙ্ঘন থাকবে, ততদিন মানবাধিকার আদায়ের জন্য আন্দোলন ও সংগ্রাম থাকবে। আমাদের দেশে প্রতিনিয়ত অন্যায় অত্যাচার-অবিচার, খুন-ধর্ষণ ও রাহাজানি ঘটে থাকে, ঘটে থাকে এক্সট্রা-জুডিশিয়াল কিলিং। ২০২৪ সালের জুলাই আন্দোলন ছিল এসব থেকে পরিত্রাণ পাওয়ার জন্য, নতুন বাংলাদেশ সৃষ্টির জন্য। আমরা যদি প্রত্যেকে প্রত্যেকের জায়গায় মানবাধিকার প্রতিষ্ঠার কাজ করি, তাহলে অবশ্যই আমরা অধিকতর ভালো বাংলাদেশ পাবো। সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস বলেন, মানবাধিকার শুধু আলোচনা বা নীতিকথার বিষয় নয়; এটি বাস্তব জীবনে প্রয়োগযোগ্য এক মৌলিক প্রতিশ্রুতি। মানবাধিকার মানে মানুষের মর্যাদা রক্ষা, ন্যায়বিচার নিশ্চিত করা এবং দুর্বল মানুষের পাশে দাঁড়ানো। অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 12 December 2025, Page: 2, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-12-12

চট্টগ্রাম • শুক্রবার • ১২ ডিসেম্বর ২০২৫ • ২৭ অগ্রহায়ণ ১৪৩২ • ২০ জমা সানি ১৪৪৭

৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা

চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ১১৭

২২ বছরে সুপ্রভাত

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

৩ শের, শায়েরী ও শায়ের বদনসীব জাফর

৫ 'মানবাধিকার হচ্ছে সকল মানুষের মৌলিক অধিকার'

৬ 'এবারে দুর্নীতি কঠোর হস্তে দমন করা হবে'



**স্তন ক্যান্সার নিয়ে উদ্বিগ্ন না হয়ে উপায় নেই**

চট্টগ্রামে স্তন ক্যান্সারে আক্রান্ত নারীদের মধ্যে সবচেয়ে বেশি দেখা যাচ্ছে 'লুমিনাল-এ' টাইপের ক্যান্সার।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে আন্তর্জাতিক মানবাধিকার দিবস-২০২৫ উদযাপন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

# 'মানবাধিকার হচ্ছে সকল মানুষের মৌলিক অধিকার'

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগ বুধবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের হাজারী লেইনস্থ ভবনে আন্তর্জাতিক মানবাধিকার দিবস ২০২৫ উদযাপন করেছে। এ উপলক্ষে মানবাধিকার দিবস বিষয়ক আলোচনা সভা, প্রদর্শনী বিতর্ক, পোস্টার প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই আয়োজনে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির।

আইন বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাসের সভাপতিত্বে এই আয়োজনে বিশেষ অতিথি ছিলেন আইন অনুষদের ডিন তানজিনা আলম চৌধুরী। বক্তা ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী, সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা ও সহকারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ নোমান। প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, মানুষই মানবাধিকারের কথা বলে, আবার মানুষই মানবাধিকার লঙ্ঘন করে। বস্তুত পৃথিবীতে যতদিন মানবাধিকার লঙ্ঘন থাকবে, ততদিন মানবাধিকার আদায়ের জন্য আন্দোলন ও সংগ্রাম থাকবে। তিনি বলেন, আমাদের দেশে প্রতিনিয়ত অন্যায়-অত্যাচার-অবিচার-খুন-ধর্ষণ-রাহাজানি ঘটে থাকে, ঘটে থাকে এক্সট্রা-জুডিশিয়াল কিলিং। ২০২৪ সালের জুলাই আন্দোলন ছিল এসব থেকে পরিত্রাণ পাওয়ার জন্য, নতুন বাংলাদেশ সৃষ্টির জন্য। আমরা যদি প্রত্যেকে প্রত্যেকের জায়গায় মানবাধিকার প্রতিষ্ঠার কাজ করি, তাহলে অবশ্যই আমরা অধিকতর ভালো বাংলাদেশ পাবো। তিনি আরও বলেন, মানবাধিকার হচ্ছে সকল মানুষের মৌলিক অধিকার, যা কোনো অবস্থাতেই অগ্রাহ্য করা উচিত নয়। আমাদের সমাজে মানবাধিকার রক্ষা এবং এই বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য এই ধরনের আয়োজনে অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ অতিথির বক্তব্যে তানজিনা আলম চৌধুরী বলেন, মানবাধিকার নিয়ে সচেতনতা তৈরি করতে হলে আমাদের প্রথমে এর মৌলিক দিকগুলো জানা প্রয়োজন।

আহমদ রাজীব চৌধুরী তাঁর বক্তব্যে বলেন, রাষ্ট্রব্যবস্থায় মানবাধিকারের চেতনা ছড়িয়ে পড়বে, আমরা সবাই যদি মানবাধিকার বাস্তবায়নে কাজ করি। সঞ্জয় বিশ্বাস তাঁর বক্তব্যে বলেন, মানবাধিকার সংস্কৃতি বলতে এমন সামাজিক চর্চা, মূল্যবোধ, আচরণ ও রাষ্ট্রীয় কাঠামোর সমষ্টিকে বোঝায়, যেখানে প্রতিটি মানুষের মর্যাদা, স্বাধীনতা, নিরাপত্তা, ন্যায়বিচার, বৈচিত্র্যের প্রতি সম্মান এবং জবাবদিহিতা-স্বাভাবিক ও প্রতিষ্ঠিত এক প্রাত্যহিক অভ্যাসে পরিণত হয়। হিল্লোল সাহা তাঁর বক্তব্যে বলেন, শ্রম অধিকার নিশ্চয়তা আসলে মানবাধিকার সুরক্ষারই অংশ। কর্মক্ষেত্রে নিরাপত্তা, ন্যায্য মজুরি ও মর্যাদা নিশ্চিত না হলে মানবাধিকারও পূর্ণতা পায় না। ফরিদ উদ্দিন আহমেদ নোমান মানবাধিকার রক্ষায় আইনের ভূমিকা তুলে ধরেন। সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান অনুপ কুমার বিশ্বাস বলেন, মানবাধিকার শুধু আলোচনা বা নীতিকথার বিষয় নয়; এটি বাস্তব জীবনে প্রয়োগযোগ্য এক মৌলিক প্রতিশ্রুতি। মানবাধিকার মানে মানুষের মর্যাদা রক্ষা, ন্যায়বিচার নিশ্চিত করা এবং দুর্বল মানুষের পাশে দাঁড়ানো। অনুষ্ঠানে আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 12 December 2025, Page: 5, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2025-12-12